UNIT 01

Greetings, Farewells, Introductions and Numbers

[গ্রীটিঙ্স্, ফেআ:ওয়েল্স্, ইন্ট্রডাক্শ্ন্স্ আন্ড্ নাম্বা(র্)স্]

সাদর সম্ভাষণ, বিদায় সম্ভাষণ, পরিচয় প্রদান এবং সংখ্যাসমূহ

Unit-01
LESSON-01

Hello

(হালৌ) – হ্যালো

পাঠদান কৌশল

এ পাঠটি অনুশীলন শেষে শিক্ষার্থীরা কীভাবে শুভেচ্ছা বিনিময় করতে হয় তা শিখবে। শিক্ষক প্রথমে হাসিমুখে শিক্ষার্থীদের "Good morning" বলে শুভেচ্ছা জানাবেন। এরপর তাদের বলবেন "How are you?" এবং তাদেরকে এর উত্তরে "Fine, thank you." বলতে উৎসাহিত করবেন। এরপর শিক্ষক **Activity A**-এর ছবিটি শিক্ষার্থীদের দেখাবেন এবং জিজ্ঞেস করবেন, ছবিতে তোমরা কী দেখতে পাচ্ছো?" শিক্ষার্থীদের উত্তরের ভিত্তিতে ছবির নিচে প্রদত্ত সংলাপটি পড়াবেন। এরপর শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন, "সকালবেলা শুভেচ্ছা বিনিময় করতে ইংরেজিতে আমরা কী বলি?" এবং তাদের "Good morning" বলতে সহায়তা করবেন।

অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারব–

- Understanding simple dialogues about day-to-day activities (দৈনন্দিন কার্যকলাপ সম্পর্কে সাধারণ কথোপকথন বুঝতে পারা)
- Exchanging greetings at different times for effective communication (ফলপ্রসূ যোগাযোগের জন্য সাদর সম্ভাষণ বিনিময় করা)
- Using contraction in the dialogue (সংলাপে শব্দের সংক্ষিপ্ত রূপ ব্যবহার করা)

VOCABULARY (ভক্যাব্যিউলারি)– শব্দভাণ্ডার

Key Words	Meanings/Synonyms/Opposites	Example Sentence
farewell (ফেয়া:ওএল)*n.* ~বিদায়সম্ভাষণ	*something that you say to a person who is leaving* OPP **greetings** – সাদর সম্ভাষণ	We were present in the <u>farewell</u> party. (আমরা বিদায় অনুষ্ঠানে উপস্থিত ছিলাম।)
greeting (গ্রীটিঙ্)*n.* ~সাদর সম্ভাষণ	*saying something polite when one meets someone* SYN **salutations** – প্রীতিসম্ভাষণ	They exchanged <u>greetings</u> first. (তাঁরা প্রথমে সাদর সম্ভাষণ বিনিময় করলো।)
introduction (ইন্ট্রাডাক্শন্)*n.*~পরিচিতি	*the act of introducing* OPP **farewell** – বিদায় সম্ভাষণ	He needs no <u>introdution</u> here. (এখানে তার পরিচয় দেওয়ার প্রয়োজন নেই।)
listen (লিস্ন্)*v.* ~মন দিয়ে শোনা	*to give attention in order to hear someone or something* SYN **hear** – শোনা	<u>Listen</u> to me, please. (অনুগ্রহপূর্বক আমার কথা শোনো।)
thanks (থ্যাঙ্ক্স্)*n.* ~ধন্যবাদ, কৃতজ্ঞতা	*an expression of gratitude* SYN **gratitude** – কৃতজ্ঞতা	He conveys <u>thanks</u> to me. (সে আমাকে ধন্যবাদ জানালো।)

Session-01 (2) Textbook Activity A

Session Duration : 45 minutes
Textbook Page: 2

A **Listen and say.** (লিস্ন্ আন্ড্ সেই।)– শোনো এবং বলো।

Text	উচ্চারণ	বঙ্গানুবাদ
Fatiha : Good morning. **What's** your name?	গুড্ মোনিঙ্। হোঅট্'স্ ইয়ো(র) নেইম্?	শুভ সকাল। তোমার নাম কী?
Sanjoy : Good morning. My **name's** Sanjoy.	গুড্ মোনিঙ্। মাই নেইম্'স্ সঞ্জয়।	শুভ সকাল। আমার নাম সঞ্জয়।
Fatiha : How are you?	হাউ আ(র্) ইউ?	তুমি কেমন আছো?
Sanjoy : **I'm** good, thanks. And you?	আই'ম্ গুড্, থ্যাংকস্। আন্ড্ ইউ?	আমি ভালো আছি, ধন্যবাদ। তুমি কেমন আছো?
Fatiha : I'm also good.	আই'ম্ অলসৌ গুড্।	আমিও ভালো আছি।

Let's Practice ~ এসো অনুশীলন করি

1. Answer the following questions. (নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।)

(a) What do you see in the picture? (ছবিতে তুমি কী দেখতে পাচ্ছো?)
(b) Where is the flag? (পতাকাটি কোথায়?)
(c) Where are the boy and the girl? (ছেলেটি এবং মেয়েটি কোথায়?)
(d) What are they doing? (তারা কী করছে?)

Ans.

(a) In the picture, I see a school building, a flag, a boy, a girl and a tree. (ছবিতে, আমি একটি বিদ্যালয় ভবন, একটি পতাকা, একটি ছেলে, একটি মেয়ে এবং একটি গাছ দেখতে পাচ্ছি।)
(b) The flag is in front of the school. (পতাকাটি স্কুলের সামনে।)
(c) They are under the tree. (তারা গাছের নিচে।)
(d) They are exchanging greetings. (তারা সম্ভাষণ বিনিময় করছে।)

2. Read the text and fill in the blanks. (পাঠ্যাংশটুকু পড়ো এবং শূন্যস্থানগুলো পূরণ করো।)

(a) The —— of the boy is Sanjoy. (বালকটির —— সঞ্জয়।)
(b) Sanjoy and Fatiha are ——. (সঞ্জয় এবং ফাতিহা ——।)
(c) Fatiha and Sanjoy are exchanging ——. (ফাতিহা এবং সঞ্জয় —— বিনিময় করছে।)

Ans.

(a) name (b) students (c) greetings

Session-02 Textbook Activity B & C

Session Duration : 45 minutes
Textbook Page: 3

B Listen and say. (লিস্ন্ আন্ড্ সেই।)– শোনো এবং বলো।

Let's Practice ~ এসো অনুশীলন করি

► **Answer the following questions.** (নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।)

(a) What is the name of the boy? (ছেলেটির নাম কী?)
(b) What is the name of the girl? (মেয়েটির নাম কী?)
(c) What are they doing? (তাঁরা কী করছে?)
(d) What is the girl wearing? (মেয়েটি কী পরিধান করেছে?)
(e) Where are they standing? (তাঁরা কোথায় দাঁড়িয়ে আছে?)

Ans.

(a) The name of the boy is Rahat. (ছেলেটির নাম রাহাত।)
(b) The name of the girl is Faria. (মেয়েটির নাম ফারিয়া।)
(c) They are exchanging greetings. (তাঁরা শুভেচ্ছা বিনিময় করছে।)
(d) She is wearing uniform. (সে ইউনিফর্ম পরিধান করেছে।)
(e) They are standing in the corridor. (তাঁরা করিডোরে দাঁড়িয়ে আছে।)

C **Pairwork.** [পেআ(র্)ওয়া:ক্।]– যুগ্ম কাজ।
Introduce yourself. [ইন্ট্রাডিউস্ ইয়ো(র্)সেল্ফ্।]– তোমার পরিচয় দাও।

Ans.

S1 : Hi, I'm Rita. What's your name?	হাই, আমি রিতা। তোমার নাম কী?
S2 : Hey, Rita! I'm Orpa. Nice to meet you.	ওহে, রিতা! আমি অর্পা। তোমার সাথে পরিচিত হয়ে ভালো লাগলো।
S1 : Nice to meet you too, Rifat. What's your favourite subject in the class?	তোমার সাথে পরিচিত হয়েও ভালো লাগলো, অর্পা। ক্লাসে তোমার প্রিয় বিষয় কী?
S2 : I really like math. What about you?	আমি আসলে গণিত ভালোবাসি। তোমার প্রিয় বিষয় কোনটি?
S1 : Oh, me too! Math is so much funny. Do you have any favourite game?	ওহ্, আমারও পছন্দ! গণিত খুবই মজার। তোমার কি কোনো প্রিয় খেলা আছে?
S2 : I love playing table tennis. It's the best!	আমি টেবিল টেনিস খেলতে ভালোবাসি। এটা সবচেয়ে ভালো!
S1 : Cool! We should play for sometime during the break.	এটা আমারও পছন্দ! টিফিনের সময় আমরা কিছু সময় খেলবো।
S2 : Absolutely! That sounds like a plan.	নিশ্চয়ই। এটি ভালো একটি পরিকল্পনা।

Grammar Focus Contractions (কন্ট্রাকশ্‌ন্‌স্)– শব্দ সংক্ষেপ

প্রতিদিনের কথাবার্তায় এবং অনানুষ্ঠানিক লেখায় আমরা noun/pronoun + 'be/have/do' verb অথবা, 'be/have/do' verb + not-এর সংক্ষিপ্ত রূপ ব্যবহার করে থাকি যাকে 'সংক্ষেপণ' বা 'contraction' বলা হয়। দুটি শব্দ একত্রিত হবার সময় বাদ দেয়া letter-এর পরিবর্তে apostrophe (') ব্যবহৃত হয়।

পাঠ্যবইয়ের Task-A তে ব্যবহৃত contraction-গুলো লক্ষ করো :

what's = what + is	name's = name + is	I'm = I + am

More Examples :

you're = you are, এভাবে we're, they're ইত্যাদি।
he's = he is/he has, এভাবে she's, it's ইত্যাদি।
I've = I have, এভাবে we've, you've, they've ইত্যাদি।
don't = do + not, এভাবে aren't, can't, doesn't ইত্যাদি।

Unit-01 LESSON-02 Talking about myself

(টকিং আবাউট্ মাইসেল্ফ্) – নিজের সম্পর্কে বলা

পাঠদান কৌশল

এ পাঠটি অনুশীলন শেষে শিক্ষার্থীরা কীভাবে কথোপকথনে অংশগ্রহণ করতে হয় তা শিখবে। তাছাড়া, তাঁরা শিখতে পারবে কীভাবে প্রশ্ন করতে হয় এবং কীভাবে প্রশ্নের জবাব দিতে হয়। শিক্ষক এলোমেলোভাবে কোনো শিক্ষার্থীকে জিজ্ঞেস করবেন, "How are you?" এরপর তিনি ঐ শিক্ষককে এর উত্তর দিতে সহায়তা করবেন। যেমন, এর উত্তর হবে, "Hi, Teacher. I'm fine. Thank you."। তাছাড়া, শিক্ষক **Activity B**-তে প্রদত্ত ছবিটি দেখিয়ে জিজ্ঞেস করবেন, "What do you see in the picture? What are they doing?" এরপর Text-এ প্রদত্ত Dialogue-টির ভিত্তিতে ছবিটির বর্ণনা দিবেন।

অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারব–

- Understanding simple dialogues about day-to-day activities for effective communication (ফলপ্রসূ যোগাযোগের জন্য দৈনন্দিন কার্যকলাপ সম্পর্কে সাধারণ সংলাপ বুঝতে পারা)
- Participating in conversations for exchanging information about family and friends (পরিবার এবং বন্ধুদের সম্পর্কে তথ্য আদান প্রদানের জন্য আলাপচারিতায় অংশগ্রহণ করা)
- Asking and responding to simple questions to know favourite things (প্রিয় বিষয়গুলো জানতে প্রশ্ন করা এবং প্রশ্নের উত্তর দেওয়া)

VOCABULARY (ভক্যাব্যিউলারি)– শব্দভান্ডার

Key Words	Meanings/Synonyms/Opposites	Example Sentence
chain drill (চেইন ড্রিল)*n.* ~পালাক্রমিক অনুশীলন	*a teaching method of doing something by turns* SYN **exercise** – অনুশীলন	Do the activity through chain drill. (পালাক্রমিক অনুশীলনের মাধ্যমে কাজটি করো।)
favourite (ফেইভরিট)*adj.* ~প্রিয়, পছন্দের	*what one likes best* SYN **preferred** – পছন্দের	Fish is my favourite food. (মাছ আমার প্রিয় খাবার।)
flower [ফ্লাওয়া(র)]*n.*~ফুল	*the nice, coloured part of a plant* SYN **bloom** – ফুল, পুষ্প	I have a flower garden. (আমার একটি ফুলের বাগান আছে।)
game (গেইম্)*n.*~খেলা, ক্রীড়া	*an entertaining activity or sport that people play* SYN **play** – খেলা	Cricket is a popular game. (ক্রিকেট একটি জনপ্রিয় খেলা।)
red (রেড্)*adj.*~লাল	*being the same colour as blood* SYN **crimson** – লাল	The sun is red. (সূর্য লাল।)
rose (রৌজ)*n.*~গোলাপ	*a flower with a pleasant smell and thorns*	The rose is a lovely flower. (গোলাপ একটি সুন্দর ফুল।)
subject (সাব্জেক্ট্)*n.* ~পড়ার বিষয়	*field of study*	English is my favourite subject. (ইংরেজি আমার প্রিয় বিষয়।)

Session-03 Textbook Activity A

Session Duration : 45 minutes
Textbook Page: 4

A **Chain drill.** (চেইন্ ড্রিল্।)– চেইন ড্রিল (পালাক্রমিক অনুশীলন।)।

S1 : Alex is my name.
(অ্যালেক্স ইজ মাই নেইম্।)– অ্যালেক্স আমার নাম।
Football is my game.
(ফুটবল ইজ্ মাই গেইম্।)– ফুটবল আমার খেলা।
Red is my colour.
[রেড্ ইজ মাই কালা(র্)।]– লাল আমার রং।
Rose is my flower.
[রৌজ্ ইজ মাই ফ্লাওয়া(র্)]– গোলাপ আমার ফুল।

S2 : (Name) is my name.
_____ is my game.
_____ is my colour.
_____ is my flower.

Continue.....(চলবে.....)

Ans.

S2 : Rafi is my name. (রাফি ইজ্ মাই নেইম্ ।)– রাফি আমার নাম।
Cricket is my game. (ক্রিকেট ইজ্ মাই গেইম্ ।)– ক্রিকেট আমার খেলা।
Green is my colour. [গ্রীন্ ইজ্ মাই কালা(র্) ।]– সবুজ আমার রং।
Beli is my flower. [বেলী ইজ্ মাই ফ্লাওয়া(র্)]– বেলী আমার ফুল।
Continue.....(চলবে.....)

Session-04 (2) Textbook Activity B & C

Session Duration : 45 minutes
Textbook Page: 5

B **Listen and say.** (লিস্ন্ আন্ড্ সেই ।)– শোনো এবং বলো।

Text	উচ্চারণ	বঙ্গানুবাদ
Sakiba : Hello, Zahid. What's your favourite game?	হালৌ, জাহিদ। হোঅট'স্ ইয়ো(র) ফেইভ্রিট্ গেইম্?	হ্যালো, জাহিদ তোমার প্রিয় খেলা কী?
Zahid : Hi, Sakiba! Cricket is my favourite game. And yours?	হাই, সাকিবা! ক্রিকেট ইজ্ মাই ফেইভ্রিট গেইম্। আন্ড্ ইয়ো(র)স্?	হাই, সাকিবা! ক্রিকেট আমার প্রিয় খেলা। আর তোমার কোন খেলা পছন্দ?
Sakiba : I like to play football.	আই লাইক্ টু প্লেই ফুট্বল্।	আমি ফুটবল খেলতে পছন্দ করি।
Zahid : What's your favourite subject, Sakiba?	হোঅট'স্ ইওয়োর্ ফেইভ্রিট্ সাব্জেক্ট্, সাকিবা?	তোমার প্রিয় বিষয় কী, সাকিবা?
Sakiba : English is my favourite subject.	ইংলিশ্ ইজ্ মাই ফেইভ্রিট্ সাব্জেক্ট।	ইংরেজি আমার প্রিয় বিষয়।
Zahid : Oh, I like English, too.	ওহ্, আই লাইক্ ইংলিশ্, টু।	ওহ, আমিও ইংরেজি পছন্দ করি।

Let's Practice ~ এসো অনুশীলন করি

1. **Write true or false.** (সত্য অথবা মিথ্যা লিখো।)
   (a) Zahid's favourite game is cricket. (জাহিদের প্রিয় খেলা ক্রিকেট।)
   (b) Sakiba's favourite subject is English. (সাকিবার প্রিয় বিষয় ইংরেজি।)
   (c) Zahid likes English too. (জাহিদও ইংরেজি পছন্দ করে।)
   (d) Sakiba likes to play cricket. (সাকিবা ক্রিকেট খেলতে পছন্দ করে।)

   Ans.
   (a) False (b) True (c) True (d) False

2. **Answer the following quesitons.** (নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।)
   (a) What is Sakiba's favourite subject? (সাকিবার পছন্দের বিষয় কী?)
   (b) Who likes to play football? (কে ফুটবল খেলতে পছন্দ করে?)
   (c) What is Zahid's favourite game? (জাহিদের প্রিয় খেলা কী?)

   Ans.
   (a) Sakiba's favourite subject is English. (সাকিবার পছন্দরে বিষয় ইংরেজি।)
   (b) Sakiba likes to play football. (সাকিবা ফুটবল খেলতে পছন্দ করে।)
   (c) Zahid's favourite game is cricket. (জাহিদের প্রিয় খেলা ক্রিকেট।)

C **Act out the dialogue in activity B with your friend.** [অ্যাক্ট্ আউট দা ডাইআলগ ইন অ্যাক্টিভিটি B উইদ ইয়ো(র) ফ্রেন্ড্।]– বন্ধুর সাথে কাজ B-এর সংলাপটি অভিনয় করো।

Ans.

Mila : Hey Moin, What's your favourite-game? (হেই মঈন, তোমার প্রিয় খেলা কোনটি?)

Moin : Hi Mila! I love playing football. It's so much fun. How about you? (হাই মিলা! আমি ফুটবল খেলতে ভালোবাসি। এটা খুব মজার। তোমার প্রিয় খেলা কোনটি?)

Mila : Oh, I enjoy playing badminton. By the way, what's your favourite subject? (ওহ, আমি ব্যাডমিন্টন খেলতে ভালোবাসি। প্রসঙ্গত, তোমার প্রিয় বিষয় কী?)

Moin : Math is my favourite subject. How about you? (গণিত আমার প্রিয় বিষয়। তোমার কোনটি?)

Mila : I love science! Math is interesting too. (আমি বিজ্ঞান ভালোবাসি! গণিতও মজার বিষয়।)

Unit-01 LESSON-03 Greetings (গ্রীটিঙ্স্) – সাদর সম্ভাষণ

পাঠদান কৌশল

এ পাঠটি অনুশীলন শেষে শিক্ষার্থীরা শিখতে পারবে কীভাবে দিনের বিভিন্ন সময়ে ভিন্নভাবে শুভেচ্ছা জানাতে হয়। শিক্ষক **Activity A** ও **B**-তে প্রদত্ত ছবি দেখিয়ে জিজ্ঞেস করবেন, ছবিতে তোমরা কী দেখতে পাচ্ছো। এবার তাদের উত্তরের ভিত্তিতে ছবির Bubble-এ প্রদত্ত সংলাপগুলোর মাধ্যমে ছবির বর্ণনা করবেন। এরপর শিক্ষার্থীদের বলবেন সকালে শুভেচ্ছা জানাতে ইংরেজিতে আমরা "Good morning" বলি, দুপুরে "Good afternoon" এবং সন্ধ্যায় "Good evening"। এরপর শিক্ষক ৩ জন শিক্ষার্থী নিয়ে এক একটি দল গঠন করবেন এবং এক একটি দলকে ক্লাসের সামনে এসে **Activity C**-তে প্রদত্ত সংলাপটি অভিনয় করতে বলবেন।

অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারব–

- Exchanging greetings and farewells at different times for effective communication (ফলপ্রসূ যোগাযোগের জন্য বিভিন্ন সময়ে সাদর সম্ভাষণ ও বিদায় সম্ভাষণ বিনিময় করা)
- Introducing someone to friend (বন্ধুর নিকট কাউকে পরিচয় করিয়ে দেওয়া)
- Responding greetings in the classroom (শ্রেণিকক্ষে সাদর সম্ভাষণের জবাব দেওয়া)

VOCABULARY (ভক্যাব্যিউলারি)– শব্দভাণ্ডার

Key Words	Meanings/Synonyms/Opposites	Example Sentence
afternoon [আফটা(র)নূন]*n.*~বিকেল, অপরাহ্ন	*the time between the middle of the day, and the evening* OPP **morning** – সকাল	I play cricket in the afternoon. (আমি বিকালে ক্রিকেট খেলি।)
cousin (কাজিন্)*n.*~চাচাতো, মামাতো, ফুফাতো, খালাতো ভাই বা বোন	*a child of one's uncle or aunt* SYN **relative** – আত্মীয়	Sima is my cousin. (সিমা আমার চাচাতো বোন।)
evening (ঈভ্নিঙ্)*n.* ~সন্ধ্যাকাল	*the time before nightfall* OPP **morning** – সকাল	He came home in the evening. (সে সন্ধ্যায় বাড়ি ফিরল।)
friend (ফ্রেন্ড্)*n.*~বন্ধু	*someone who one knows well and likes* SYN **companion** – সঙ্গী	Asif is my friend. (আসিফ আমার বন্ধু।)
meet (মীট)*v.* ~দেখা/সাক্ষাৎ হওয়া	*to see and speak to someone for the first time* SYN **encounter** – সম্মুখীন হওয়া, **come across** – সাক্ষাৎ হওয়া	I meet my friend. (আমি আমার বন্ধুর সাথে দেখা করি।)
nice (নাইস)*adj.*~ভালো, সুন্দর	*lovely, pleasant* OPP **unpleasant** – অপ্রীতিকর	She is a nice girl. (সে একটি চমৎকার মেয়ে।)
student (স্টুউডন্ট্)*n.* ~শিক্ষার্থী, ছাত্র/ছাত্রী	*someone who is studying at a school or college* SYN **learner** – শিক্ষার্থী	I am a student. (আমি একজন শিক্ষার্থী।)
teacher [টীচা(র্)]*n.* ~শিক্ষক/শিক্ষিকা	*someone whose job is to teach in a school or college* SYN **tutor** – শিক্ষক OPP **student** – শিক্ষার্থী	My father is a teacher. (আমার বাবা একজন শিক্ষক।)

Session-05 (2) Textbook Activity A, B & C

Session Duration : 45 minutes
Textbook Page: 6, 7

A **Listen and say.** (লিস্‌ন্ আন্‌ড্ সেই।)– শোনো এবং বলো।

Let's Practice ~ এসো অনুশীলন করি

► **Answer the following questions.** (নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।)

(a) Who is the woman in the picture? (ছবির মহিলা কে?)
(b) Who are the children sitting on the bench? (বেঞ্চে বসে থাকা ছেলেমেয়েগুলো কারা?)
(c) What is the woman doing? (মহিলা কী করছেন?)
(d) How many students are there in the class? (শ্রেণিতে কতজন ছাত্রছাত্রী আছে?)
(e) What are they learning? (তাঁরা কী শিখছে?)

Ans.

(a) She is a teacher. (তিনি একজন শিক্ষিকা।)
(b) They are students. (তাঁরা ছাত্রছাত্রী।)
(c) She is teaching the students. (তিনি ছাত্রছাত্রীদের পড়াচ্ছেন।)
(d) There are eight students in the class. (শ্রেণিতে আটজন ছাত্রছাত্রী আছে।)
(e) They are learning to say good morning. (তাঁরা সুপ্রভাত বলতে শিখছে।)

B **Listen and say.** (লিস্‌ন্ আন্‌ড্ সেই।)– শোনো এবং বলো।

Let's Practice ~ এসো অনুশীলন করি

1. Write true or false. (সত্য অথবা মিথ্যা লিখো।)

(a) We say 'Good afternoon' in the morning. (আমরা সকালে Good afternoon বলি।)
(b) The teacher wishes good afternoon to the students. (শিক্ষক ছাত্রছাত্রীদের শুভ সন্ধ্যা বলছে।)
(c) The students wishes good morning to the teacher. (ছাত্রছাত্রীরা শিক্ষিকাকে সুপ্রভাত বলছে।)

Ans.

(a) False (b) True (c) False

2. Answer the following questions. (নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।)

(a) How many children are there in the picture? (ছবিতে কয়জন ছেলেমেয়ে আছে?)

(b) What do you see behind the children? (ছেলেমেয়েদের পেছনে তুমি কী দেখতে পাচ্ছো?)

Ans.

(a) There are three children in the picture. (ছবিতে তিনজন ছেলেমেয়ে আছে।)

(b) Behind the children there are two trees. (ছেলেমেয়েদের পেছনে দুটি গাছ আছে।)

C Look, listen and say. (লুক্, লিস্ন্ আন্ড্ সেই।)– দেখো, শোনো এবং বলো।

Text	উচ্চারণ	বঙ্গানুবাদ
Rahat : Good evening, Faria.	গুড্ ঈভ্নিং, ফারিয়া	শুভ সন্ধ্যা, ফারিয়া।
Faria : Good evening, Rahat.	গুড্ ঈভ্নিং, রাহাত।	শুভ সন্ধ্যা, রাহাত।
Rahat : Who is she?	হু ইজ্ শী?	সে কে?
Faria : She is my cousin, Rita. And Rita, he is my friend, Rahat.	শী ইজ্ মাই কাজিন্, রিতা। আন্ড্ রিতা, হী ইজ্ মাই ফ্রেন্ড্, রাহাত।	সে আমার কাজিন (চাচাতো/মামাতো/ খালাতো/ ফুফাতো বোন), রিতা। আর রিতা, সে আমার বন্ধু, রাহাত।
Rita : Nice to meet you.	নাইস্ টু মীট ইউ।	তোমার সাথে পরিচিত হয়ে ভালো লাগলো।
Rahat : Nice meeting you, too.	নাইস্ মীটিং ইউ, টু।	তোমার সাথে পরিচিত হয়ে আমারও ভালো লাগলো।

Let's Practice ~ এসো অনুশীলন করি

▸ **Choose the right answers. (সঠিক উত্তরটি বাছাই করো।)**

(a) In the evening we say ——. (সন্ধাবেলা আমরা বলি ——।)
i. good morning ii. good afternoon iii. good evening

(b) Rita is Faria's ——. (রিতা ফারিয়ার ——।)
i. friend ii. classmate iii. cousin

(c) In the dialogue there are —— children. (সংলাপটিতে —— জন ছেলেমেয়ে আছে।)
i. Two ii. Three iii. Four

(d) Rahat is Faria's ——. (রাহাত ফারিয়ার ——।)
i. friend ii. cousin iii. brother

(e) Who introduces Rita to Rahat? (কে রিতাকে রাহাতের সাথে পরিচয় করিয়ে দিচ্ছে?)
i. teacher ii. Rahat iii. Faria

Ans.

(a) iii. good evening (b) iii. cousin (c) ii. Three (d) i. friend (e) iii. Faria

Unit-01
LESSON-04

Goodbye 1
(গুড্‌বাই ওআন্‌) – বিদায় ১

পাঠদান কৌশল

এ পাঠটি অনুশীলন শেষে কীভাবে বিদায় সম্ভাষণ জানাতে হয় শিক্ষার্থীরা তা শিখবে। শিক্ষক প্রথমে হাসিমুখে শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করবেন। সম্ভব হলে শিক্ষক শিক্ষার্থীদের ভিডিও/অডিও-র মাধ্যমে "Goodbye, goodbye" গানটি শোনাবেন এবং শিক্ষার্থীদের গানটি গাইতে বলবেন। এরপর শিক্ষক এলোমেলোভাবে শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন, "What do you see in the picture?" What are they doing? এবার শিক্ষার্থীদের উত্তরের ভিত্তিতে শিক্ষক Text-এর সংলাপগুলো শেখাবেন। এরপর আবার শিক্ষক এলোমেলোভাবে শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন, বিদায় জানাতে এবং এর উত্তরে ইংরেজিতে আমরা কী বলি। তখন শিক্ষার্থীরা বলবে, "Goodbye, teacher". এভাবে সকল শিক্ষার্থীরা অনুশীলন করবে।

অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারব–

- Exchanging farewell in the classroom (শ্রেণিকক্ষে বিদায় সম্ভাষণ বিনিময় করা)
- Exchanging greetings when one meets friends outside the home. (ঘরের বাইরে বন্ধুদের সাথে দেখা হওয়ার সময় শুভেচ্ছা বিনিময় করা)
- Exchanging farewells outside the classroom. (শ্রেণিকক্ষের বাইরে বিদায় সম্ভাষণ বিনিময় করা)
- Taking part in simple conversation to show common courtesy. (সাধারণ সৌজন্যতা দেখাতে ছোটোখাটো আলাপচারিতায় অংশগ্রহণ করা)

VOCABULARY (ভক্যাব্যিউলারি)– শব্দভান্ডার

Key Words	Meanings/Synonyms/Opposites	Example Sentence
buy (বাই)*v.* ~কেনা, ক্রয় করা	*to get something by paying money* SYN **purchase** – কেনা	Do you want to buy something? (তুমি কি কিছু কিনতে চাও?)
fine (ফাইন)*adj.*~খুব ভালো	*well, healthy or happy* SYN **nice** – চমৎকার	I am fine. (আমি ভালো আছি।)
go (গৌ)*v.*~যাওয়া	*to move or travel something* SYN **depart** – যাওয়া	Don't go there. (ওখানে যেও না।)
goodbye (গুডবাই)*int.* ~বিদায়	*something one say while leaving* SYN **farewell** – বিদায়	Goodbye, my friend! (বিদায়, বন্ধু!)
later (লেইটার)*adj.*~পরে	*after,sometime* SYN **afterward** – পরবর্তীতে	I'll meet you later. (আমি পরে তোমার সাথে দেখা করবো।)
medicine (মেড্‌সিন্‌)*n.* ~ঔষধ	*a substance used to cure an illness* SYN **remedy** – ঔষধ, প্রতিকার	He bought some medicines. (সে কিছু ঔষধ কিনলো।)

Session-06 Textbook Activity A & B .

Session Duration : 45 minutes
Textbook Page: 8

A Look, listen and say. (লুক্‌, লিস্‌ন্‌ আন্‌ড্‌ সেই।)– দেখো, শোনো এবং বলো।

Let's Practice ~ এসো অনুশীলন করি

► **Answer the following questions.** (নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।)

(a) Who is the man in the picture? (ছবির লোকটি কে?)
(b) Where is the boy sitting? (ছেলেটি কোথায় বসে আছে?)
(c) Why is he sitting on a wheel chair? (সে হুইল চেয়ারে বসে আছে কেন?)
(d) What do we say when we leave? (যখন আমরা বিদায়টাই তখন কী বলি?)

Ans.

(a) He is a teacher. (তিনি একজন শিক্ষক।)
(b) The boy is sitting on a wheel chair. (ছেলেটি একটি হুইল চেয়ারে বসে আছে।)
(c) Because he is a special need student. (কারণ সে বিশেষ চাহিদাসম্পন্ন একজন ছাত্র।)
(d) We say 'goodbye' when we leave. (আমরা যখন বিদায় নেই তখন 'goodbye' বলি।)

B **Listen and say.** (লিস্‌ন্ আন্‌ড্ সেই।)– শোনো এবং বলো।



Session-07 (2) Textbook Activity C & D

Session Duration : 45 minutes
Textbook Page: 9

C **Listen and say.** (লিস্‌ন্ আন্‌ড্ সেই।)– শোনো এবং বলো।

Text	উচ্চারণ	বঙ্গানুবাদ
Rahat : Hello Namira. How are you?	হালৌ নামিরা। হাউ আ(র্) ইউ?	হ্যালো নামিরা। তুমি কেমন আছো?
Namira: I'm fine, thanks. And you?	আই'ম্ ফাইন্, থ্যাংক্‌স্। আন্‌ড্ ইউ?	আমি ভালো আছি, ধন্যবাদ। আর তুমি কেমন আছো?
Rahat : I'm good. Where are you going?	আই'ম্ গুড্। হোএআ(র্) আ(র্) ইউ গৌয়িং?	আমিও ভালো আছি। তুমি কোথায় যাচ্ছো?
Namira: I'm going to buy some medicines.	আই'ম্ গৌয়িং টু বাই সাম্ মেডিসিন্‌স্।	আমি কিছু ওষুধ কিনতে যাচ্ছি।
Rahat : Okay, goodbye. See you later.	ওউকেই। গুড্‌বাই। সী ইউ লেইট্(র্)।	ঠিক আছে, বিদায়। পরে দেখা হবে।
Namira: Goodbye!	গুডবাই!	বিদায়!

Let's Practice ~ এসো অনুশীলন করি

► **Choose the right answers.** (সঠিক উত্তরটি বাছাই করো।)

(a) How many persons are talking in the dialogue? (সংলাপটিতে কতজন লোক কথা বলছে?)
i. Three ii. Two iii. Four

(b) Namira is going to buy some ——. (নামিরা কিছু —— কিনতে যাচ্ছে।)
i. medicines ii. foods iii. clothes

(c) We say —— when its time to go. (চলে যাওয়ার সময় আমরা —— বলি।)
i. good morning ii. good evening iii. goodbye

(d) What's the short form of 'I am'? ('I am' এর সংক্ষিপ্ত রূপ কী?)
i. I've ii. I'll iii. I'm

Ans.
(a) ii. Two (b) i. medicines (c) iii. goodbye (d) iii. I'm

D **Act out the dialogue in activity C with your friend.** (অ্যাক্ট্ আউট্ দা ডাইয়ালগ্ ইন অ্যাক্টিভাটি C উইদ্ ইয়োর্ ফ্রেন্ড্।)– তোমার বন্ধুর সাথে কাজ C-এর সংলাপটি অভিনয় করো।

Ans. Do it yourselves.– নিজেরা করো।

Unit-01
LESSON-05

Goodbye 2
(গুড্বাই টু) – বিদায় ২

পাঠদান কৌশল

এ পাঠটি অনুশীলন শেষে শিক্ষার্থীরা শিখতে পারবে কীভাবে বিদায় সম্ভাষণ জানাতে হয়। শিক্ষক এলোমেলোভাবে শিক্ষার্থীদের আলাদা আলাদা জিজ্ঞেস করবেন, "বিদায় সম্ভাষণ জানাতে আমরা কী বলি?" এরপর শিক্ষক তাদেরকে "Goodbye. See you later." বলতে সাহায্য করবেন। এরপর শিক্ষক **Activity A**-এর ছবি দেখিয়ে জিজ্ঞেস করবেন, "ছবিতে তোমরা কী দেখতে পাচ্ছো? তারা কী করছে?" এরপর শিক্ষার্থীদের দেয়া উত্তরের ভিত্তিতে এবং Bubble-এ প্রদত্ত সংলাপসমূহের প্রতি দৃষ্টি রেখে ছবির বর্ণনা দিবেন। এরপর শিক্ষার্থীদের **Activity B**-তে প্রদত্ত বিদায় সম্ভাষণের গান মনোযোগসহকারে শুনতে বলবেন। এরপর শিক্ষার্থীদের দলে দলে ভাগ করবেন। একজন শিক্ষার্থী ছড়াটি বলবে এবং অন্য শিক্ষার্থীরা তাকে অনুসরণ করবে। এভাবে কমপক্ষে দুইবার অনুশীলন করবে।

অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারব–

- Exchanging farewells at different times for effective communication (ফলপ্রসূ যোগাযোগের জন্য ভিন্ন ভিন্ন সময়ে বিদায় সম্ভাষণ বিনিময় করা)
- Describing the picture (ছবির বর্ণনা দেওয়া)
- Singing farewell song after teacher (শিক্ষকের সাথে বিদায় সম্ভাষণের গান গাওয়া)

VOCABULARY (ভক্যাব্যিউলারি)– শব্দভাণ্ডার

Key Words	Meanings/Synonyms/Opposites	Example Sentence
again (আগেন)*adv.* ~পুনরায়, আবার	*for the second, third ..... time* SYN **once more** – আর একবার	Read the story <u>again</u>. (গল্পটি আবার পড়ো।)
fun (ফান্)*n.* ~মজা	*something that gives us pleasure* SYN **enjoyment** – মজা	We had a lot of <u>fun</u>. (আমরা অনেক মজা করেছি।)
home (হোউম)*n.* ~বাড়ি/ঘর	*the place where one lives or belongs* SYN **residence** – আবাস	Go <u>home</u> right now. (এখনই বাড়ি যাও।)
morning (মো:নিঙ)*n.* ~সকাল	*the first part of the day* SYN **dawn** – ভোর	He walks in the <u>morning</u> everyday. (সে প্রতিদিন সকালে হাঁটে।)
much (মাচ্)*adj.* ~অনেক, প্রচুর	*a lot of* OPP **few** – অল্প	Don't eat too <u>much</u>. (খুব বেশি খেয়ো না।)
night (নাইট)*n.*~রাত, রাত্রি	*the last part of the day* SYN **evening** – সন্ধ্যা	He works till <u>night</u>. (সে রাত পর্যন্ত কাজ করে।)

Key Words	Meanings/Synonyms/Opposites	Example Sentence
now (নাউ)*adv.* ~এখন	*at this moment or time* **syn presently – বর্তমানে**	Now I'll go to school. (এখন আমি স্কুলে যাবো।)
time (টাইম্)*n.* ~সময়	*a particular point in the day or night*	It's time to go home. (বাড়ি যাওয়ার সময় হয়েছে।)
tomorrow (টমরৌ)*n.* ~আগামীকাল	*the day after today* **syn next day – পরদিন**	He'll come tomorrow. (সে আগামীকাল আসবে।)

Session-08 (2) Textbook Activity A, B & C

Session Duration : 45 minutes
Textbook Page: 10

A **Listen and say.** (লিস্‌ন্ আন্‌ড্ সেই।)– শোনো এবং বলো।

B **Listen and sing.** (লিস্‌ন্ আন্‌ড্ সিঙ্।)– শোনো এবং গাও।

Text	উচ্চারণ	বঙ্গানুবাদ
It's time to go home	ইট'স্ টাইম্ টু গৌ হৌম্	সময় হয়েছে বাড়ি যাবার
It's time to go home	ইট'স্ টাইম্ টু গৌ হৌম্	সময় হয়েছে বাড়ি যাবার
It's time to go home	ইট'স্ টাইম্ টু গৌ হৌম্	সময় হয়েছে বাড়ি যাবার
It's time to say goodbye.	ইট'স্ টাইম্ টু সেই গুড বাই।	সময় হয়েছে বিদায় বলার।
I had so much fun	আই হ্যাড্ সো মাচ্ ফান্	আমি অনেক মজা করেছি
And you had so much fun	আনড্ ইউ হ্যাড্ সো মাচ্ ফান্	এবং তুমিও অনেক মজা করেছো
We all had so much fun	উঈ ওল্ হ্যাড্ সো মাচ্ ফান্	আমরা সবাই অনেক মজা করেছি
And now we say goodbye.	আনড্ নাউ উঈ সেই গুড্ বাই।	আর এখন আমরা বিদায় জানাবো।
Goodbye	গুড্বাই	বিদায়
Goodbye	গুড্বাই	বিদায়
See you again	সী ইউ আগেন্	আবার দেখা হবে
Goodbye	গুড্বাই	বিদায়
Goodbye	গুড্বাই	বিদায়
See you again.	সী ইউ আগেন্।	আবার দেখা হবে।

Let's Practice ~ এসো অনুশীলন করি

► **Answer the following questions. (নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।)**

(a) What are the children doing? (ছেলেমেয়েরা কী করছে?)
(b) How many children are there in the picture? (ছবিতে কয়জন ছেলেমেয়ে আছে?)
(c) What do you see above the children? (ছেলেমেয়েদের উপরে কী দেখতে পাও?)
(d) How are the children making fun? (ছেলেমেয়েরা কীভাবে মজা করছে?)

Ans.

(a) They are making fun. (তাঁরা মজা করছে।)
(b) There are four children in the picture. (ছবিতে চার জন ছেলেমেয়ে আছে।)
(c) Above the children two birds are flying. (ছেলেমেয়েদের মাথার উপরে দুটি পাখি উড়ছে।)
(d) They are making fun by swinging from the branch of a tree. (গাছের ডালে দোল খেয়ে তাঁরা মজা করছে।)

C Group work. Sing the song in groups.
(গ্রুপ্ ওয়াক্ i সিঙ্ দা সঙ্ ইন্ গ্রুপস্।)– দলগত কাজ। দলে দলে গান গাও।

Ans. Do it yourselves.– নিজেরা করো।

Unit-01 LESSON-06

Numbers 1-30

[নাম্বা(র্)স্ ওয়ান্ টু থা:টি] – ১ থেকে ৩০ পর্যন্ত সংখ্যা

পাঠদান কৌশল

এ পাঠটি অনুশীলন শেষে শিক্ষার্থীরা শিখতে পারবে ১-৩০ পর্যন্ত অংকবাচক সংখ্যা (cardinal number) কীভাবে অঙ্কে ও কথায় লিখতে হয়। শিক্ষক প্রথমে সহাস্যে শিক্ষার্থীদের 'Good morning" বলবেন এবং জিজ্ঞেস করবেন "How are you?" এরপর শিক্ষার্থীদের "Fine, thank you." বলতে উৎসাহিত করবেন। এরপর শিক্ষার্থীদের Activity A-তে প্রদত্ত Calendar দেখাবেন এবং জিজ্ঞেস করবেন 'What is this?" এবং শিক্ষার্থীদের "It is a Calendar." বলতে সাহায্য করবেন। এরপর শিক্ষার্থীদের 1 থেকে 30 পর্যন্ত সংখ্যা উচ্চস্বরে পড়তে বলবেন। এরপর Calendar-এর কোনো সংখ্যা আঙ্গুল দিয়ে দেখিয়ে তা শিক্ষার্থীদের আলাদা আলাদা বলতে বলবেন।

অধ্যায়ের শিখনফল

অধ্যায়টি অনুশীলন করে আমি যা জানতে পারব–

- Writing cardinal numbers from 1 to 30 in figure (১ থেকে ৩০ পর্যন্ত অঙ্কবাচক সংখ্যা অঙ্কে লিখতে পারা)
- Telling date from the calendar (দিনপঞ্জি থেকে তারিখ বলতে পারা)
- Writing cardinal numbers from 1 to 30 in words (১ থেকে ৩০ পর্যন্ত অঙ্কবাচক সংখ্যা কথায় লিখতে পারা)

VOCABULARY (ভক্যাব্যিউলারি)– শব্দভান্ডার

Key Words	Meanings/Synonyms/Opposites	Example Sentence
calendar [ক্যালিন্ডা(র্)]*n.*~বর্ষপঞ্জি	*something that shows all the days, weeks and months of the year* SYN **chronology** – কালপঞ্জি	There is a calendar on the wall. (দেয়ালে একটি বর্ষপঞ্জি আছে।)
look (লুক)*v.*~তাকানো	*to turn one's eyes to someone or something*	Look at me. (আমার দিকে তাকাও।)
month (মান্থ্)*n.*~মাস	*one of the twelve periods of a year*	January is the first month of the year. (জানুয়ারি বছরের প্রথম মাস।)
